লিবিয়া উপকূলে নৌকাডুবি, কমপক্ষে ৭৪ অভিবাসনপ্রার্থীর মরদেহ উদ্ধার

চেম্বার ডেস্ক :: লিবিয়া উপকূলে নৌকাডুবির ঘটনায় কমপক্ষে ৭৪ অভিবাসনপ্রার্থীর মরদেহ উদ্ধার হলো। বৃহস্পতিবার, এ তথ্য নিশ্চিত করে জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা - আইওএম।

এ ঘটনায় আরও ৪৭ জনকে জীবিত অবস্থায় উদ্ধার করতে সক্ষম হয় কোস্টগার্ড ও স্থানীয় জেলেরা। জীবিত ফেরাদের তথ্য অনুসারে, নৌযানটিতে ছিলেন ১২০ জনের বেশি অভিবাসনপ্রত্যাশী। বাকিদের সন্ধানে এখনো চলছে উদ্ধার অভিযান।

আইওএম'র তথ্য অনুসারে, পয়লা অক্টোবর থেকে এখন পর্যন্ত ৮টি নৌকাডুবি হলো ভূমধ্যসাগরে। চলতি বছর, ৯ শতাধিক মানুষের মৃত্যু হয়েছে বিপজ্জনক এই সমুদ্রপথে। ১১ হাজারের বেশি মানুষকে উদ্ধার করা সম্ভব হয়েছে। এশিয়া-আফ্রিকার দেশগুলো থেকে ইউরোপে পাড়ি দেয়ার জন্য এটি বেশ জনপ্রিয় পথ।